রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১৯, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০১.২৬.৩১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের জন্য নিম্নরূপে **'ফ্যামিলি কার্ড প্রদান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'** গঠন করেছে:

(ক) **কমিটির গঠন** :

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর, উপদেষ্টা | : | সদস্য |
| (৪) | প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | জনাব মাহ্দী আমিন, উপদেষ্টা | : | সদস্য |
| (৭) | জনাব রেহান আসিফ আসাদ, উপদেষ্টা | : | সদস্য |
| (৮) | মন্ত্রিপরিষদ সচিব | : | সদস্য |
| (৯) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (১০) | সচিব, নির্বাচন কমিশন সচিবালয় | : | সদস্য |
| (১১) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (১২) | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | : | সদস্য |
| (১৩) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| (১৪) | সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৫) | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য। |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি :**

(১) 'ফ্যামিলি কার্ড' বাস্তবায়নের একটি উপযুক্ত ডিজাইন প্রণয়ন এবং সুবিধাভোগী নির্বাচন পদ্ধতি প্রণয়ন;

(২) প্রাথমিক পর্যায়ে দেশের ৮টি বিভাগের প্রতিটিতে ১টি করে উপজেলায় 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের ব্যবস্থা গ্রহণ;

(৩) নারীদের জন্য বিদ্যমান অন্য কোনো কর্মসূচিকে ভিত্তি হিসাবে ব্যবহার করা যায় কিনা তা পর্যালোচনা;

(৪) সুবিধাভোগীদের ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে জাতীয় পরিচয়পত্র ও National Household Database আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে ডিজিটাল MIS প্রণয়নের সুপারিশ এবং

(৫) আসন্ন ঈদুল ফিতরের পূর্বে 'ফ্যামিলি কার্ড' বিতরণ করার লক্ষ্যে আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে একটি প্রাথমিক প্রতিবেদন প্রণয়ন।

(গ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ঙ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd